# ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের নভেম্বর, ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব আশরাফ হোসাইন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
তারিখ ঃ ২৪/১১/২০২১ খ্রিস্টাব্দ, সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'**

সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় সম্মানিত সদস্যগণের আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশল অফিস ঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) এর আওতায় ০২(দুই) কিস্তিতে ৪২.৩৮ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। সে হিসাবে ৪র্থ কিস্তিসহ মোট ৮৪.৭৬ লক্ষ টাকা বরাদ্দ হিসাবে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় প্রকল্প যাচাই-বাছাই এর জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ ও কর্মকর্তাবৃন্দকে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করেন।<br>তিনি আরও বলেন যে, ইউজিডিপি প্রকল্পের ২০২০-২০২১ অর্থ বছরে (৫ম রাউন্ড) বাস্তবায়নের জন্য অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্প অনুমোদন সংক্রান্ত বিষয়ে প্রকল্প বাছাই কমিটির সদস্য সচিব হিসাবে সভায় অবহিত করেন ২০২১-২২ অর্থ বছরে ইউজিডিপি প্রকল্পের অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্প বাবদ বরাদ্দ ভ্যাট ও আইটি ব্যতীত মোট ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ)টাকা দ্বারা বাস্তবায়নের জন্য আমাদের নিকট স্থায়ী কমিটির প্রেরীত উপপ্রকল্প সমূহ হতে বাছাই কমিটি অগ্রাধিকার ভিত্তিতে নিম্নে ৩(তিন)টি প্রকল্প প্রস্তাব অনুমোদনের জন্য অদ্যকার সভায় উপস্থাপন করেন। সকল শর্ত বিবেচনা রেখে উপজেলা প্রকল্প বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্নে ৩(তিন)টি প্রকল্প প্রস্তাব ইউজিডিপির প্রধান কার্যালয়ে পাঠানোর বিষয়ে অদ্যকার সভায় অনুমোদনের লক্ষ্যে উপস্থাপন করা হলো।<br>১। ময়মনসিংহ সদর উপজেলার ০৫(পাঁচ)টি প্রাথমিক বিদ্যালয়ে সাবমারসেবর পাম্প ও উক্ত ৫টির মাধ্যে০২টিতে প্রাথমিক বিদ্যালয়ে জরুরী টয়লেট স্থাপন।<br>২। ময়মনসিংহ সদর উপজেলার বিভিন্ন ০৫(পাঁচ)টি প্রাথমিক বিদ্যালয় ও ১০(দশ)টি এবতেদায়ী মাদ্রাসায় বেঞ্চ (হাই ও লো) সরবরাহ করণ।<br>৩। ময়মনসিংহ সদর উপজেলার দাতব্য চিকিৎসা কেন্দ্রের জন্য জরুরী যন্ত্রপাতি ও আসবাবপত্র সরবরাহ করণ। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। | সভায় আলোচনান্তে অতিদ্রুত এডিপি বাস্তবায়ন কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ইউজিডিপি প্রকল্পের বরাদ্দ হতে ২০২০-২১অর্থ বছরে বাস্তবায়নের জন্য প্রস্তাবকৃত তিনটি অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্প প্রস্তাবনা যথযথভাবে প্রস্তুত করে অনুমোদনের জন্য ইউজিডিপিপ্রধান কার্যালয়, ঢাকা প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশল ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি, সভায় জানান ময়মনসিংহ সদর উপজেলার আওতাধীন কোভিড-১৯ টিকা কার্যক্রম চলমান রয়েছে। টিক কার্যক্রম গতিশিলতা আনয়নের লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যানগণকে স্ব-স্ব ইউনিয়নে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানান। বিভাগীয় অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোনান্তে কোভিড-১৯ টিক কার্যক্রমে আরও গতিশিলতা আনয়নের লক্ষে সকল ইউপি চেয়ারম্যানঘণকে ব্যাপক প্রদারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ। |
| ০৩ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার জানান, বর্তমানে বোরো বীজতলা তৈরীর কাজ শুরু হয়েছে। তাছাড়া মাঠে শীতকালীন শাক-সবজিসহ অন্যান্য রবিশস্যের আবাদ হয়েছে। উ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের আদর্শ বীজতলা তৈরীসহ অন্যান্য ফসলের করনীয় সম্পর্কে পরামর্শ প্রদান করেন। তনি আরও জানান রবি/২০২১-২২ মৌসুমে কৃষি প্ররাদনা কর্মসূচীর আওতায় ২৬৫০জন কৃষককে বোরো হাইব্রীড বীজ সহায়তা এবং ১৫০০ জন কৃষককে বোরো উফসী বীজ ও সার সহায়তা প্রদান করা হবে এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বভাবিক গতিতেই চলছে। | সভায় আলোচনান্তে পনোদনা কর্মসূচী বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| ০৪ | উপজেলা মৎস্য অফিস : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, রাজস্ব বাজের আওতায় প্রতি ব্যাচে ২০জন করে মোট ০৩ টি ব্যাচ মৎস্য চাষীদের প্রশিক্ষণ বরাদ্দ পাওয়া গেছে। আধুনিক প্রযুক্তি ভিত্তিক মাছ চাষের প্রশিক্ষণগুলো শীগ্রই বাস্তবায়ন করা হবে।<br>প্রতি বছরের ন্যায় এ বছরেও ২৫ সেমি এর নীচে ইলিশ বা জাটকা নামে পরিচিত। আড়ৎ ও বাজারগুলোতে ক্রয়,বিক্রয় ও মজুদ বন্ধে ও মৎস্য খাদ্যের গুনগতমান রক্ষায় মৎস্য খাদ্য আইনে ও হ্যাচারীগুলোতে মৎস্য হ্যাচারী আইনে মোবাইল কোর্ট বাস্তবায়ন করা জরুরী। মৎস্য খাদ্যের দোকানগুলোতে বারবার তাগাদা দেয়া সত্ত্বেও লাইসেন্স নবায়নে অনীহা থাকায় বিষয়টি গুরুত্ব সহকারে দেখার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারন প্রকল্পের আওতায় বর্তমান অর্থ বছরে প্রযুক্তি ভিত্তিক ০৩টি প্রদর্শনী পাওয়া গিয়াছে। মাঠ পর্যায়ে যাচাই-বাছাই ও উপযোগী পুকুর বাছাইয়ের কাজ চলমান রয়েছে। তাছাড়া মৎস্য চাষীর পুকুর পরিদর্শন, হাট-বাজার পরিদর্শন, মৎস্য খামারের লাইসেন্স প্রদান ও নবায়ন, মৎস্য খাদ্যের নমুনা পরীক্ষাসহ দাপ্তরিক কাজ চলমান রয়েছে। | সভায় আলোচনান্তে মৎস্য চাষীদের প্রশিক্ষণ, ইলিশ বা জাটকা নামে পরিচিত আড়ৎ ও বাজারগুলোতে ক্রয়,বিক্রয় ও মজুদ বন্ধে ও মৎস্য খাদ্যের গুনগতমান রক্ষায় মৎস্য খাদ্য আইনে ও হ্যাচারীগুলোতে মৎস্য হ্যাচারী আইনে মোবাইল কোর্ট পরিচালনাসহ মৎস্য প্রকওল্পের আওতায় প্রদর্শনী খামার পরিদর্শন, পানি পরীক্ষা, খাদ্যের গুনগতমান পরীক্ষা/লাইসেন্স প্রদান ও নবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়ন উপজেলা মৎস্য অফিসার/সংশ্লিষ্ট সকল |
| ০৫. | উপজেলা শিক্ষা অফিস ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, সহকারী শিক্ষা অফিসারগণের সহযোগিতা সকল ক্লাস্টারের বিদ্যালয় পরিদর্শন লক্ষমাত্রা পূরণ করা হয়। বিদ্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন করে পরিবেশ সুন্দর ও মনোরম করার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা ... | সভায় আলোচনান্তে দাখিলকৃত কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত ... | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | মৃদু, মাঝারী ও তীব্র মাত্রার প্রতিবন্ধি শিক্ষার্থীদের তালিকা তৈরী করে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়। বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অফিস: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, অক্টোবর/২১ মাসে মোট ঋণ আদায় ১.৮৮ লক্ষ টাকা। উক্ত মাসে কোন বিতরণ নেই। চলতি বছরে মোট ঋণ আদায় ১৭.৫৪ লক্ষ টাকা। চলতি বছরে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩১.৬৬ লক্ষ টাকা। এছাড়া বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে ঋণ বিতরণ/ আদায় কার্যক্রমে আরও গতিশীল আনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ সংশ্লিষ্ট সকল |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে নির্বাচনী এলাকা ভিত্তিক টি,আর প্রকল্প মাননীয় সংসদ সদস্য ও বিরোধী দলীয় নেতা বেগম রওশন এরশাদ মহোদয় অসুস্থ থাকায় এখনও তালিকা পওয়া যায়নি। সাধারণ কাবিটা, কাবিখা ও টি আর প্রকল্প তালিকা খাগডহর ইউনিয়ন থেকে এখনও পাওয়া যায়নি। এ বিষয়ে চেয়ারম্যান,উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়গণের মতামত ও সিদ্ধান্ত নেয়ার জন্য অনুরোধ জানান। এছাড়া বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে সাধারণ কাবিটা, কাবিখা ও টি আর প্রকল্প তালিকা প্রেরণ করার জন্য চেয়ারম্যান, খাগডহর ইউপিকে পুনরায় তাগিদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/সংশ্লিষ্ট সকল |
| ০৯ | উপজেলা যুব উন্নয়ন অফিস: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে তাঁর কার্যালয়ের এ,পি,এ চুক্তি অনুযায়ী ঋণ ব্যতিত প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রমের লক্ষমাত্রা যথারীতি অর্জিত হচ্ছে। উল্লেখ্য যে মাঠ পর্যায়ে কাজের জন্য তিন জন সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার মধ্যে দুই জনের উপজেলা যুব [illegible] সামায়িকভাবে ব্যাহত হচ্ছে। এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করা হয়েছে। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১০ | উপজেলা সমবায় অফিস: উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১১ | পল্লী সঞ্চয়ী ব্যাংক: ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। । এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১২ | উপজেলা জন-স্বাস্থ্য প্রকৌশল অফিস: উপসহকারী প্রকৌশলী (জন-স্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এছাড়া তিনি আরও জানান যে, বিভিন্ন ইউনিয়নে ঠিকাদার কর্তৃক টিউবওয়েল স্থাপনের কাজ চলমান রয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা মাসিক সভায় বলেন যে, টিউবওয়েল স্থাপনের কাজ সমাপ্ত না হওয়া পর্যন্ত ঠিকাদরদের বিল পরিশোধ না করার জন্য উপজেলা জন-স্বাস্থ্য প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করেন। | সভায় আলোচনান্তে বিভিন্ন ইউনিয়নে টিউবওয়েল স্থাপনের কাজ সমাপ্ত না হওয়া পর্যন্ত ঠিকাদারদের বিল না দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জন-স্বাস্থ্য প্রকৌশল/ সংশ্লিষ্ট সকল |
| ১৩ | উপজেলা সমাজসেবা অফিস: উপজেলা সমাজসেবা কর্মকতা সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৪ | উপজেলা তথ্য কর্মকর্তা অফিস ঃ উপজেলা তথ্য কর্মকর্তা সভায় জানান যে, প্রতি মাসে ডোর টু ডোর সেবার পাশাপাশি উঠান বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। প্রকল্পের অগ্রগতির লক্ষে সকল দপ্তর প্রধানসহ ইউপি চেয়ারম্যনদের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৫ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ভূমি মন্ত্রনালয় গুচ্ছগ্রাম-২য় পর্যায়(সিভিআরপি)প্রকল্প, ভূমি ভবন, ঢাকা এর ১০ নভেম্বর ২০২১ তারিখের ৩১.০৮.০০০০. ০০১. ০২.০৪৯.২০২০-৫৪৬ স্মারক মূলে ময়মনসিংহ সদর উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ২০২১-২০২২ অর্থ বছরে মুজিব শতবর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের নিমিত্ত ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ ক শ্রেনী পরিবারের জন্য ৩য় পর্যায় সেমিপাকা ৩৩টি গৃহ নির্মাণের ব্যয় নির্বাহের নিমিত্ত ৭৯,২০,০০০/- (ঊনআশি লক্ষ বিশ হাজার)টাকা বরাদ্দ পাওয়া। বরাদ্দকৃত অর্থ দ্বারা দ্রুত সময়ের মধ্যে গৃহ নির্মাণ কার্যক্রম শুরু করার বিষয়ে সকলের সহযোগিতা কামানা করেন । চেয়ারম্যান ও সভাপতি, উপজেলা পরিষদ মাসিক সভা মহোদয়কে এ বিষয়ে প্রতিবারের ন্যায় জোড়ালো ভূমিকা পালন করার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কর্মকর্তাগণকে স্বাস্থ্য বিধি মেনে অফিস করার জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ ক শ্রেনী পরিবারের জন্য ৩য় পর্যায় সেমিপাকা ৩৩টি নির্মান কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ মাসিক সভা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ সভায় জানান যে, দুলালবাড়ী গুচ্ছগ্রমে বিভিন্ন গর্ত থাকায় গুচ্ছগ্রামের বাসিন্দাদের চলাচলে অসুবিধা হচ্ছে। গর্তগুলি বালু দ্বারা ভরাট করা প্রয়োজন। এ বিষয়ে BIWTA কর্তৃক উত্তোলিত বালু দিয়ে গর্তভরাট করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন।<br>তিনি আরও বলেন যে, BIWTA কর্তৃক উত্তোলিত বালু জনসাধারনের জায়গা ফেলা হচ্ছে তাতে ফসলের ব্যাপক ক্ষতি হচ্ছে বলে সভায় জানান। এবিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, BIWTA কর্তৃক উত্তোলিত বালু দ্বারা যদি কোন কৃষক ক্ষতিগ্রস্থ হচ্ছে এই ধরনের কোন আবেদন পাওয়া গেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে বলেন জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় আরও বলেন যে, ময়মনসিংহ সদর উপজেলার ১১টি ইউনিয়নের মধ্যে ১০টি ইউনিয়নে জন্ম নিবন্ধন বিষয়ে কোন প্রকার অভিযোগ পাওয়া যায়নি কিন্তু ঘাগড়া ইউনিয়নের জন্য নিবন্ধন বিষয়ে অনেক অভিযোগ পাওয়া গেছে। এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে BIWTA কর্তৃক উত্তোলিত বালু দ্বারা গর্ত ভারাট ও BIWTA কর্তৃক উত্তোলিত বালু দ্বারা যদি কোন কৃষক ক্ষতিগ্রস্থ হচ্ছে মর্মে কোন আবেদন পাওয়া গেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জন্ম নিবন্ধন বিষয়ে কোন ধরনের অভিযোগ পাওয়া গেরে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১৫ | উপজেলা পরিষদের নিজস্ব তহবিলে নিম্নলিখিত প্রকল্পসমূহ [illegible]ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় (রাজস্ব/উন্নয়ন)ঃ | আলোচনান্তে উপজেলা [illegible] | [illegible] |

| | | | |
|---|---|---|---|
| | ০২। হাটি গ্রাম ইলিম উদ্দিনের বাড়ীর নিকট কালভার্ট নির্মাণ (পিআইসি)।<br>০৩। বোররচর কান্দাপাড়া মেইন রোড থেকে আলাল মাস্টারের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি ভরাট ও ইটের সলিং করণ (পিআইসি)।<br>০৪। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের আইপিএস এর ০২(দুই)টি ব্যাটারী ক্রয় ও আইপিএস মেরামত বাবদ বরাদ্দ-৫০,০০০/-টাকা (রাজস্ব)। | | ময়মনসিংহ। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আশরাফ হোসাইন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নংঃ ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২১.১৩৪৩ /১(৫০)

তারিখ-১৪/১২/২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। বেগম রওশন এরশাদ, এমপি, মাননীয় বিরোধী দলীয় নেতা ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৭। উপজেলা....................................... .কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৮। জনাব.............................................চেয়ারম্যান...........................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৯। জনাব............................................................................................. ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

১০। অফিস কপি।

১৪/১২/২১

(মোঃ সাইফুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।